রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মাথায় তিনবার পানি ঢালতেন।

আবূ জা‘ফার মুহাম্মদ ইবন আলী ইবনুল হুসাইন ইবন আলী ইবন আবী তালিব হতে বর্ণিত যে, তিনি
ও তাঁর পিতা জাবির ইব্নু ‘আবদুল্লাহ (রাযি.)-এর নিকট ছিলেন। সেখানে আরো কিছু লোক ছিলেন। তাঁরা তাঁকে গোসল সম্বন্ধে জিজ্ঞেস করলেন। তিনি বললেন, এক সা‘ তোমার জন্য যথেষ্ট। তখন এক ব্যক্তি বলে উঠল, আমার জন্য তা যথেষ্ট নয়। জাবির (রাযি.) বললেন, তোমার চেয়ে অধিক চুল যাঁর মাথায় ছিল এবং তোমার চেয়ে যিনি উত্তম ছিলেন (আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ) তাঁর জন্য তো এ পরিমাণই যথেষ্ট ছিল। অতঃপর তিনি
এক কাপড়ে আমাদের ইমামাত করেন। অপর শব্দে: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম তার মাথায় তিনবার পানি ঢালতেন। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ জা‘ফার মুহাম্মদ ইবন আলী ও তাঁর পিতা জাবির ইব্নু ‘আবদুল্লাহ্ (রাযি.)-এর নিকট ছিলেন। সেখানে আরো কিছু লোক ছিল। তাদের থেকে এক লোক জাবেরকে অপবিত্রতার গোসলে কতটুকু পানি যথেষ্ট হবে সে বিষয়ে জিজ্ঞেস করলেন। তিনি বললেন, এক সা‘ তোমার জন্য যথেষ্ট হবে। হাসান ইবন মুহাম্মাদ ইবনুল হানাফিয়্যাহ জাবেরের নিকট লোকদের সাথে ছিল। সে বলে উঠল, এ পরিমাণ পানি জানাবাতের গোসলে আমার জন্য যথেষ্ট নয়। জাবির (রাযি.) বললেন, তোমার চেয়ে অধিক ও ঘণ চুল যাঁর মাথায় ছিল এবং তোমার চেয়ে যিনি উত্তম ছিলেন তাঁর জন্য তো এ পরিমাণই যথেষ্ট ছিল। ফলে তিনিই পবিত্রতা ও দীনের ওপর তোমার চেয়ে অধিক লালায়িত ছিলেন। অর্থাৎ, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। এটি সুন্নাতের অুনসরণ এবং গোসলে পানি অপচয় না করার প্রতি উৎসাহ। অতঃপর তিনি তাদের ইমামাত করেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3455